



সৌদি বিমানঘাঁটিতে ইরানের হামলায় আহত ১২ মার্কিন সেনা



সংগৃহীত ছবি

সৌদি আরবের প্রিন্স সুলতান বিমানঘাঁটিতে ইরানের হামলায় ১২ জন মার্কিন সেনা আহত হয়েছেন। তাদের মধ্যে দু'জনের অবস্থা গুরুতর বলে জানিয়েছেন এক মার্কিন কর্মকর্তা। শুক্রবার রয়টার্সকে তিনি এ তথ্য নিশ্চিত করেন। একই সঙ্গে সিবিএস জানায়, হামলায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করা হয়েছে।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরুর পর থেকে এখন পর্যন্ত আহত মার্কিন সেনার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০০ জনে। মার্কিন সামরিক বাহিনীর তথ্য অনুযায়ী, এদের মধ্যে ২৭৩ জন ইতোমধ্যে সুস্থ হয়ে দায়িত্বে ফিরেছেন। এখন পর্যন্ত নিহত হয়েছেন ১৩ জন মার্কিন সেনা।

এদিকে ইসরায়েলের বিভিন্ন এলাকায়ও হামলা অব্যাহত রেখেছে ইরান। তেল আবিবে ক্ষেপণাস্ত্রের আঘাতে একাধিক আবাসিক ভবন ও দোকানপাট ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে একজন নিহত এবং আরও চারজন আহত হয়েছেন। পশ্চিম তীরের হেবরনসহ কয়েকটি অঞ্চলের আকাশেও ইরানের ক্ষেপণাস্ত্র দেখা গেছে।

অন্যদিকে, ইরানেও অভিযান চালিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। পরমাণু স্থাপনাকে লক্ষ্য করার পর শুক্রবার তেহরানের খোন্দাব পানি গবেষণা কেন্দ্রেও বড় ধরনের হামলা হয়েছে।